

অ্যাসিস্টিভ টেকনোলজি

একটি ফ্যামেলি গাইড



নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

ডিভিশন অব স্পেশালাইজড ইনস্ট্রাকশন অ্যান্ড স্টুডেন্ট সাপোর্ট
সেন্টার ফর অ্যাসিস্টিভ টেকনোলজি অ্যান্ড টেক সল্যুশন
করিন রেলো-আনসেলমি, ডেপুটি চ্যান্সেলর
বসন্ত, ২০১৬

সূচি

সেকশন I: সূচনা - এই গাইডের উদ্দেশ্য.....	2
সেকশন II: অ্যাসিসটিভ টেকনোলোজি (এটি)-এর সংজ্ঞা.....	2
সেকশন III: এটি-এর আবশ্যিকতা মূল্যায়ন.....	3
প্রয়োজনীয় এটি ইকুইপমেন্ট এবং/অথবা সার্ভিস চিহ্নিত করা.....	3
এটি মূল্যায়ন প্রক্রিয়া - মূল্যায়নের আবেদন.....	3
এটি মূল্যায়ন প্রক্রিয়াকরণের সময়রেখা.....	4
সেকশন IV: আইপি-তে এটি-এর সুপারিশ অন্তর্ভুক্ত করা.....	5
আইইপি সভায় এটি বিবেচনা করা.....	5
আইইপি-তে এটি যুক্ত করার সেরা অনুশীলনী.....	5
আইইপি-তে এটি-এর চাহিদা কীভাবে প্রতিফলিত হয়.....	6
সেকশন V: বাধ্যতামূলক এটি ইকুইপমেন্ট ও সার্ভিস প্রদান.....	7
আপনার সন্তানের জন্য বাধ্যতামূলক এটি ইকুইপমেন্ট সংগ্রহ.....	7
এটি প্রশিক্ষণ.....	7
এটি ইকুইপমেন্টের মালিকানা ও ব্যবহার.....	7
এটি ডিভাইস নিয়ে বাড়ি যাওয়া.....	7
এটি ডিভাইস রক্ষণাবেক্ষণ ও মেরামত.....	7
সেকশন VI: ব্যবহারোপযোগী শিক্ষাগত সরঞ্জাম (অ্যাক্সেসিবল এডুকেশন্যাল ম্যাটেরিয়ালস, AEM).....	8
এইএম (AEM)-এর সংজ্ঞা.....	8
ডিওই-এর মাধ্যমে এইএম.....	8
এইএম-এর সময়রেখা.....	8
সেকশন VII: ট্রানজিশন প্ল্যানিং.....	9
সেকশন VIII: বহল জিজ্ঞাসির প্রশ্ন ও উত্তর.....	9
আইইপি এটি ও ৫০৪ এটি-এর মধ্যে ব্যবধান কী?.....	9
অ্যাসিসটিভ টেকনোলোজি (এটি) এবং ইন্সট্রাকশন্যাল টেকনোলোজি (আইটি)-এর মধ্যে পার্থক্য কী?.....	9
সেকশন IX: জরুরি যোগাযোগের তথ্য.....	10
সেকশন X: এটি সম্পর্কিত ফেডারেল আইন.....	10
দ্রষ্টব্য:.....	11

সেকশন I: সূচনা - এই গাইডের উদ্দেশ্য

ডিপার্টমেন্ট অভ এডুকেশনের চায় সকল শিক্ষার্থী যেন পাঠক্রমে অংশগ্রহণের অর্থবহ সুযোগ লাভ করে। প্রতিবন্ধিতা থাকার কারণে আপনার সন্তানকে তার শিক্ষাগত কর্মসূচিতে অংশগ্রহণ ও তার প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে আপনার সন্তানের অ্যাসিসটিভ টেকনোলজি (সহায়ক প্রযুক্তি, এটি) বা অ্যাসক্রেসএবল ম্যাটেরিয়ালস (ব্যবহারোপযোগী উপকরণ, এইএম) প্রয়োজন হতে পারে। এটি ও এইএম, উভয়টি প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের পাঠক্রমকে তাদের জন্য পূর্ণ ব্যবহারোপযোগী করায় ও তাদের সুস্থ সম্ভাবনা বিকাশে সহায়তা করে। এ গাইডের উদ্দেশ্য যেসব এটি ও এইএম উপকরণ রয়েছে যা সকল শিক্ষার্থীর জন্য সম্ভাব্য সেরা শিক্ষাগত বিকাশের জন্য ব্যবহার করা যেতে পারে, পরিবারসমূহকে সে ব্যাপারে অবহিত করা।

সেকশন II: অ্যাসিসটিভ টেকনোলজি (এটি)-এর সংজ্ঞা

এটি (AT) সেসব টুলস বা সরঞ্জামের নির্দেশ করে যা শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনা উপকরণ থেকে সহায়তা লাভ করতে ও কার্যকর ভাববিনিময় করতে সহায়তা করে। এটি-এর উদ্দেশ্য প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীর শিক্ষাগত কর্মসূচিকে ব্যবহারোপযোগী করে তার প্রয়োজন মেটাতে সহায়তা দেওয়া। আরও সুনির্দিষ্টভাবে বলা যায়, ফেডারেল সরকারের আইন 'ইনডিভিডুয়ালস উইথ ডিসাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট' (প্রতিবন্ধিতায়ুক্ত ব্যক্তিদের জন্য আইন, আইডিয়া, IDEA) এটি ডিভাইসএর নিম্নলিখিত আইনি সংজ্ঞা প্রদান করেছে: "যেকোন সামগ্রী, বস্তুর অংশ, কিংবা পণ্য ব্যবস্থা... যা প্রতিবন্ধিতায়ুক্ত ব্যক্তির কার্যক্ষমতাকে বৃদ্ধি করে, বজায় রাখে, বা উন্নত করে।"

এটি সামগ্রীকে বর্ণনা করা যায় "লো-টেক", "মিড-টেক" বা "হাই-টেক" (নিম্ন, মধ্য বা উচ্চ প্রযুক্তি) হিসেবে। প্রত্যেকটির কিছু উদাহরণ নিচে দেওয়া হলো।

- লো-টেক ডিভাইসের মধ্যে আছে স্ল্যান্ট বোর্ড, পেপার কম্যুনিকেশন বোর্ড/কার্ড এবং টেক্সট হাইলাইটিং।
- মিড-টেক ডিভাইসগুলোর মধ্যে আছে ক্যালকুলেটর, সিগ্নল সুইচ ও ওয়ার্ড প্রোসেসর।
- হাই-টেক ডিভাইসগুলোর মধ্যে আছে ডাইনামিক ডিসপ্লে অগমেন্টেটিভ-কম্যুনিকেশন ডিভাইস, স্পিচ-টু-টেক্সট প্রোগ্রাম বা কম্পিউটার ও আই-গেজ ডিভাইস।

আইডিয়া অনুসারে স্কুল ডিস্ট্রিক্টগুলোকে সকল প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের যারা প্রয়োজ্য ফ্রি সরকারি শিক্ষা (ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন, এফএপি) পাওয়ার যোগ্য, তাদেরকে এটি প্রদান করতে হবে। শিক্ষা থেকে ফায়দা নিতে ও পাঠক্রমকে উপযোগী করতে শিক্ষার্থীর নিজের এটি প্রয়োজন আছে কি না, সেটা নির্ধারণের দায়িত্ব ন্যস্ত করা হয়েছে ইনডিভিডুয়ালস উইথ ডিসাবিলিটিজ এডুকেশন প্রোগ্রাম (আইইপি) টিম-এর উপর।

বাড়তি তথ্যের জন্য আমাদের [এটি ওয়েবসাইট](#) কিংবা [এটি রেফারেন্স গাইড](#) ফর [স্টুডেন্টস উইথ ডিসাবিলিটিজ](#) দেখুন।



সেকশন III: এটি-এর আবশ্যিকতা মূল্যায়ন

প্রয়োজনীয় এটি ইকুইপমেন্ট এবং/অথবা সার্ভিস চিহ্নিত করা

আপনি যদি মনে করেন যে আপনার সন্তানের জন্য তার শিক্ষাগত কর্মসূচি উপযোগী করে তুলতে এবং তার ব্যক্তিগত শিক্ষাগত, ভাববিনিময় এবং/অথবা পরিবেশগত চাহিদা পূরণের জন্য এটি প্রয়োজন হতে পারে, তাহলে স্কুলে আপনাকে সন্তানের এটি মূল্যায়নের আবেদন করতে হবে। আপনি যে কোন সময় এটি মূল্যায়নের আবেদন জানাতে পারেন (পরবর্তী পৃষ্ঠায় এর বিভিন্ন পদক্ষেপ দেখুন)। আপনার স্কুল যদি আপনার সন্তানকে এটি মূল্যায়নপ্রার্থী হিসেবে বেছে নেয়, তাহলে স্কুল প্রক্রিয়াটি শুরু করবে এবং মূল্যায়ন সম্পন্ন করার জন্য আপনাকে লিখিত সম্মতি দেওয়ার চিঠি দেবে।

আপনার সন্তানের কোন প্রতিবন্ধিতা আছে কিনা এবং সে এটি সার্ভিসের যোগ্য কিনা, পিতামাতা বা অভিভাবক হিসেবে আপনার অধিকার আছে সন্তানের স্কুলকে একটি মূল্যায়ন পরিচালনার অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। এই মূল্যায়ন ফ্রি এবং সুপারিশকৃত এটি আপনার সন্তানের উপযোগী কিনা তা বিবেচনার সময় আপনার সন্তানের আইইপি টিম তা পর্যালোচনা করবে। আপনার সন্তানের জন্য এটি-এর আবশ্যিকতা বিবেচনার জন্য তার একটি আইইপি থাকা জরুরি নয়। যদি তার ইতোমধ্যে কোন আইইপি না থাকে, এটি মূল্যায়নের জন্য আপনার আবেদনের ফলে একটি স্পেশাল এডুকেশন বা ৫০৪-এর সুপারিশের সূচনা হবে। যদি ডিওই মূল্যায়নের জন্য আপনার আবেদন নামঞ্জুর করে, তাহলে তা নামঞ্জুরের কারণ ব্যাখ্যা করে আপনাকে একটি লিখিত বিজ্ঞপ্তি প্রদান করা হবে।

এছাড়াও আপনার সন্তানের স্কুল যে কোন সময় আপনার সন্তানের এটি সার্ভিসের আবশ্যিকতা বিবেচনা করতে পারে। আপনার সন্তানের স্কুল যদি চিন্তা করে যে তার এটি-এর প্রয়োজন, তাহলে আপনার সন্তানের মূল্যায়নের লিখিত অনুমতির জন্য তারা আপনার সাথে যোগাযোগ করবে।



আপনার সন্তানকে একজন যোগ্যতাসম্পন্ন পেশাদার বা বিভিন্ন বিষয়ের পেশাদারদের একটি টিম মূল্যায়ন করবে। শিক্ষার্থীর চাহিদা ও বিশেষজ্ঞদের লভ্যতার উপর নির্ভর করে কোন কোন ক্ষেত্রে স্কুলের স্টাফ এটি মূল্যায়ন পরিচালনা করতে পারেন। অন্যান্য ক্ষেত্রে স্কুল সেন্ট্রাল ডিওই এটি স্টাফদের দ্বারা মূল্যায়ন পরিচালনার অনুরোধ জানাতে পারে। এটি মূল্যায়নকারীদের মধ্যে যোগ্যতাসম্পন্ন ক্লাসরুম টিচার, স্পিচ টিচার, স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজিস্ট, অকুপেশন্যাল থেরাপিস্টস ও ফিজিকেল থেরাপিস্ট, সাথে সাথে

অন্যান্য এটি পেশাদারদের অন্তর্ভুক্ত করা হতে পারে। আপনার ইচ্ছায় এটি মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে আপনি চাইলে আপনার মতামত জানাতে পারেন। তবে আপনার সন্তানের সক্ষমতা ও চাহিদা সম্পর্কে আপনার জ্ঞান, সাথে সাথে আপনার ধারণা ও উদ্বেগ আপনাকে আইইপি টিমের একজন মূল্যবান ও আবশ্যিক সদস্যে পরিণত করবে।

এটি মূল্যায়ন প্রক্রিয়া - মূল্যায়নের আবেদন

এটি মূল্যায়নের আবেদন জানাতে হলে আপনাকে নিম্নলিখিত পদক্ষেপগুলো নিতে হবে:

1. এটি মূল্যায়নের জন্য একটি হাতে লিখা বা টাইপ করা আবেদন জমা দিতে হবে। একটি চিঠি প্রস্তুত করতে হবে যাতে বর্ণিত থাকবে যে আপনি আপনার সন্তানের এটি মূল্যায়নের অনুরোধ জানাচ্ছেন এবং নিশ্চিত করতে হবে যাতে আবেদনে নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত থাকে:

- আবেদনের তারিখ
- আপনার সন্তানের নাম
- আপনার সন্তানের জন্মতারিখ
- আপনার সন্তান যে স্কুলে যায়
- আপনার সন্তানের নয় রাশির স্টুডেন্ট আইডি (ওসিস নং), যদি থাকে
- আপনার নাম ও সই
- আপনার উদ্বেগ, এবং আপনি কেন মনে করেন যে আপনার সন্তানের এটি আবশ্যিক ঐচ্ছিক)

2. ডাকযোগে বা হাতে হাতে এ চিঠি যে স্কুল স্টাফের কাছে দিতে হবে: আপনার সন্তানের স্কুলের স্কুল সাইকোলোজিস্ট বা প্রিন্সিপ্যাল (ডিস্ট্রিক্ট ১-৩২ এবং ডিস্ট্রিক্ট ৭৫), কিংবা আপনার সিএসই প্রতিনিধি (চার্টার ও বেসরকারি স্কুলে)।

আপনাকে প্রত্যাশা করতে হবে যে, আপনার কাছে একটি রিকোয়েস্ট টু কনসেন্ট (অনুমতিদানের অনুরোধ) চিঠি পাবেন। এই চিঠির মাধ্যমে মূল্যায়ন পরিচালনার জন্য আপনার আনুষ্ঠানিক অনুমতি চাওয়া হবে (আপনার চিঠি দেওয়ার ১৫ দিনের মধ্যে)। অনাকাঙ্ক্ষিতভাবে যদি আপনার লিখিত অনুরোধ জমা দেওয়ার ১৫ দিনের মধ্যে অনুমতি চেয়ে আপনার কাছে কোন চিঠি না যায়, তাহলে পরবর্তিতে যা করতে হবে, তা নিচে দেওয়া হলো:

- পাবলিক স্কুলের শিক্ষার্থীদের ক্ষেত্রে (চার্টার স্কুল ছাড়া): আপনার চিঠির কপিসহ [আপনার সন্তানের স্কুল যে ডিস্ট্রিক্টে অবস্থিত, সেখানকার সুপারিনটেনডেন্ট](#)-এর কাছে অনুসন্ধান করবেন।
- অন্য সব শিক্ষার্থীদের জন্য: আপনার চিঠির কপিসহ [আপনার সন্তানের স্কুল যে ডিস্ট্রিক্টে অবস্থিত, সেখানকার সিএসই](#)-এর কাছে অনুসন্ধান করবেন।
- এছাড়াও আপনি relatedservices@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করে বা 311 নম্বরে ফোন করে খোঁজ নিতে পারেন।

এটি মূল্যায়ন প্রক্রিয়াকরণের সময়রেখা

ডিওই যতো দ্রুত সম্ভব মূল্যায়ন ও সার্ভিস প্রদানের চেষ্টা করে। উপরে বর্ণিত প্রক্রিয়া অনুসারে আনুষ্ঠানিক সম্মতির জন্য আপনাদের এটি মূল্যায়নের অনুরোধ পাওয়ার ১৫ দিনের মধ্যে আমরা আপনাদের সাথে যোগাযোগ করবো। ডিওই আপনাদের আনুষ্ঠানিক অনুমতি না পেয়ে মূল্যায়ন প্রক্রিয়া শুরু করতে পারে না। তাই, আপনারা ডিওই-এর কাছ থেকে পাওয়া সম্মতিপত্র যতো দ্রুত সম্ভব জমা দিতে উৎসাহিত করি।

ডিওই যখন আপনার সম্মতিপত্র পেয়ে যাবে, তখন থেকে আপনার সন্তানের মূল্যায়ন সম্পন্ন করার জন্য ডিপার্টমেন্ট ৬০ দিনের সময় পাবে। তবে আপনি যদি মূল্যায়ন প্রক্রিয়া বিলম্বিত করেন, সময়রেখা তখন পরিবর্তিত হতে পারে।

৬০ ক্যালেন্ডার দিবস পার হওয়ার পরও যদি ডিওই মূল্যায়ন সম্পন্ন না করতে পারে, তাহলে আপনি একটি অ্যাসেসমেন্ট অথরাইজেশন লেটার পাবেন। সে চিঠিতে ব্যাখ্যা করা থাকবে কীভাবে আপনি নিজের অর্থ ব্যয় ছাড়াই ডিপার্টমেন্ট অভ এডুকেশন-বহির্ভূত উপযুক্ত লাইসেন্সধারী স্বাধীন মূল্যায়নকারী বাছাই করতে পারেন। এর অন্তর্ভুক্ত আছে যথাযথ সরকারি ও বেসরকারি এজেন্সিসমূহের নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর এবং অন্যান্য পেশাসংক্রান্ত উপকরণ যেখান থেকে আপনি স্বাধীন মূল্যায়ন পেতে পারেন।

সেকশন IV: আইপি-তে এটি-এর সুপারিশ অন্তর্ভুক্ত করা

শিক্ষানির্দেশনা কর্মসূচিতে শিক্ষার্থীর অংশগ্রহণ ও ব্যক্তিক চাহিদা মেটান সক্ষম করে তুলতে আইপি টিম মূল্যায়ন শেষে শিক্ষার্থীর জন্য এটি সুপারিশ করে। যদি আইপি টিম নিশ্চিত হয় যে এটি ডিভাইস এবং/অথবা সার্ভিস আবশ্যিক, তাহলে ডিওই যাতে দায়বদ্ধতার সাথে ডিভাইস ও সার্ভিসের যোগান দেয়, আইপি টিমকে তা অবশ্যই সুনির্দিষ্টভাবে আইপিতে উল্লেখ করতে হবে।

আইপি সভায় এটি বিবেচনা করা

আইপি টিম-এর জন্য স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণকারী সকল শিক্ষার্থীর এটি আবশ্যিকতা বিবেচনা করা বাধ্যতামূলক। শিক্ষার্থীর শিক্ষাগত লক্ষ্য নির্ধারণের আগে আইপি টিম সুচিন্তিত পন্থায় এটি সম্পর্কে বিবেচনা করে। আপনার সন্তানের অনন্য শিক্ষাগত চাহিদা হলো এটি-এর আবশ্যিকতা বিবেচনার ভিত্তি। শিক্ষার্থীর কার্যসম্পাদনার বাধা দূর করতে এটি আবশ্যিক কিনা, সেটা নিশ্চিত করার জন্য টিম-কে শিক্ষার্থী, তাদের যেসব কাজ করতে হয়, পরিবেশ, শিক্ষার্থীর বর্তমান কার্যসম্পাদনার স্তর, বর্তমানে প্রাপ্ত বিশেষ সুবিধার ব্যবস্থা/টেকনোলজি, সাথে সাথে শিক্ষার্থীর সক্ষমতা ও প্রতিবন্ধিতার কথা বিবেচনা করে।

আইপি-তে এটি যুক্ত করার সেবা অনুশীলনী

একটি শিক্ষার্থী-কেন্দ্রিক এটি পরিকল্পনা তৈরির জন্য আইপি সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় আইপি টিম অনেকগুলো বিষয় বিবেচনা করে যা সাক্ষরতার সাথে কাজ সম্পাদনা ও তার জন্য উপযুক্ত পরিবেশের প্রতি অভিনিবিষ্ট। সেবা অনুশীলনীর এ রূপরেখা অনুযায়ী আইপি টিম-এর প্রক্রিয়াতে শিক্ষার্থীর, পরিবেশ, কাজ এবং উপকরণ ব্যবহারসহ নিম্নলিখিতগুলো বিষয়গুলো এর অন্তর্ভুক্ত হবে:

- শিক্ষানির্দেশনার একটি বিশ্লেষণ ও শিক্ষার্থীর সাথে সংশ্লিষ্ট এলাকাগুলোতে অভিজ্ঞতা;
- প্রতিটি যথাযথ শিক্ষানির্দেশনা যেসব বিষয়ের সাথে সংশ্লিষ্ট, শিক্ষানির্দেশনার সাথে সম্পর্কযুক্ত সেসব কাজগুলোর পর্যালোচনা;
- শিক্ষার্থীকে উপরোল্লিখিত প্রসঙ্গের সাথে সংশ্লিষ্ট যে ভিন্ন ভিন্ন পরিবেশে কাজ করতে হয়, সেগুলোর পর্যালোচনা;
- আদর্শ ক্লাসরুমের সরঞ্জাম, বিশেষ সুবিধার ব্যবস্থাসমূহ, পরিবর্তন, এবং এটি সমাধান যা বর্তমানে বিরাজমান আছে, সেগুলোর একটি পর্যালোচনা এবং এসব কৌশল শিক্ষার্থীর চাহিদা পূরণের জন্য পর্যাপ্ত কিনা, তা নির্ধারণ;
- এটি মূল্যায়নের একটি পর্যালোচনা (যদি মূল্যায়ন হয়ে থাকে); এবং
- যদি শিক্ষার্থীরা চাহিদা পূরণ না হয়ে থাকে, তাহলে এটি-সহ সম্ভাব্য সমাধান বের করা।

এটি-এর বিষয় বিবেচনাকালে আইপি টিমগুলোকে ডিওই-এর এটি বিবেচনার পরখতালিকা দেখতে উৎসাহিত করা হয়। এটি যেন সকল বয়সের ও সক্ষমতা-স্তরের উপযোগী হয় এবং ব্যবহৃত এটি বিবেচনা প্রক্রিয়ার প্রমাণ হিসেবে কাজ করে, সেজন্য পরখতালিকাটি এটি বিবেচনার একটি কাঠামো প্রদান করে। এটা যেসব ক্ষেত্রের জন্য এটি প্রয়োজন, সেসব শিক্ষানির্দেশনার সব গুলোতে তা প্রয়োগযো। আদর্শ ক্লাসরুম,



পরিবর্তন এবং বিশেষ সুবিধার ব্যবস্থা যা শিক্ষার্থীর চাহিদা মেটানোর জন্য বিরাজমান, ইত্যাদির পাশাপাশি বিস্তৃত পরিসরের এটি সমাধানেও এটা কাজ করে।

বর্তমান এটি, বিশেষ সুবিধার ব্যবস্থা, আদর্শ ক্লাসরুমের সরঞ্জাম, এবং বিরাজমান এটি সহায়তার সম্ভাব্য পরিবর্তন চিহ্নিত করা বা বাস্তবায়ন করা প্রয়োজন, এমন পরিবর্তন, বিশেষ সুবিধার ব্যবস্থা, এবং প্রায়ুক্তিক সমাধানের জন্য আইইপি টিমগুলো 'এটি রিসোর্সেস গাইড' দেখতে পারেন। এই ডকুমেন্ট তৈরি করা হয়েছে এটি বিবেচনার পরখতালিকার সহায়িকা হিসেবে এবং তা পাওয়া যায় <http://tiny.cc/ATResourceGuide> ওয়েবসাইটে।

আইইপি-তে এটি-এর চাহিদা কীভাবে প্রতিফলিত হয়

যদি আইইপি টিম নিশ্চিত হয় যে কোন শিক্ষার্থীর এটি-এর আবশ্যিকতা আছে, তাহলে সে শিক্ষার্থীর আইইপিতে সুপারিশকৃত এটি সার্ভিস এবং/অথবা ডিভাইস-এর সুনির্দিষ্ট তথ্য অন্তর্ভুক্ত থাকবে। ডকুমেন্টগুলোর মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- এটি যে সুপারিশ করা হয়েছে কিনা এবং তা বাড়িতে ব্যবহারের জন্য সুপারিশ করা হয়েছে কিনা, সেটা নিশ্চিত করার জন্য আইইপি-এর নির্দিষ্ট বক্সগুলোকে চিহ্নিত করা; এবং
- এটি-এর জন্য একটি মূলনীতি ও সুনির্দিষ্ট সুপারিশ করা।

নিম্নলিখিত ক্ষেত্রগুলোসহ আইইপি-এর অন্য অংশেও এটি-এর বিষয় অন্তর্ভুক্ত হতে পারে:

- প্রজেন্ট লেভেল অভ পারফরমেন্স (কর্মসম্পাদনার বর্তমান স্তরগুলো, পিএলওটি),
- সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিস;
- পরীক্ষা, স্টেট ও ডিস্ট্রিক্ট স্তরের মূল্যায়নে অংশগ্রহণের ক্ষেত্রে বিশেষ সুবিধা ব্যবস্থার তালিকা; এবং
- পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্য ও ধাপসমূহ।

সেকশন V: বাধ্যতামূলক এটি ইকুইপমেন্ট ও সার্ভিস প্রদান

আপনার সন্তানের জন্য বাধ্যতামূলক এটি ইকুইপমেন্ট সংগ্রহ

আপনার সন্তানের জন্য যদি এটি বাধ্যতামূলক করা হয়, তাহলে ডিওই নিজ খরচে আপনার সন্তানের আইইপি-তে সুপারিশকৃত সকল ইকুইপমেন্ট এবং/অথবা সার্ভিসের ব্যবস্থা করবে। এটি ইকুইপমেন্ট এবং সার্ভিস সাধারণত আপনার সন্তানের স্কুলে বা সিএসই-তে প্রদান করা হয়। যেসকল শিক্ষার্থী বাড়িতে শিক্ষান লাভ করছে, তারা তাদের এটি সরবরাহ ও সার্ভিস তাদের বাড়িতে বা সিএসই-তে পাবে।

এটি প্রশিক্ষণ

ডিওই শিক্ষার্থী, শিক্ষক, অন্যান্য স্কুল প্রশাসকদের ও পরিবারসমূহকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবে। সকল স্টাফ ও অংশগ্রহণকারী পরিবারের সদস্যদের জন্য প্রাথমিক প্রশিক্ষণ প্রদান করবে মূল্যায়ন টিম। এটি-এর কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য ডিভাইস সমন্বয়ে ও ব্যবহারে সহায়তা প্রদান এবং অব্যাহত সহায়তা দেওয়ার জন্য স্কুল স্টাফ দায়বদ্ধ থাকবেন।

এটি ইকুইপমেন্টের মালিকানা ও ব্যবহার

ডিওই-এর দেওয়া সকল এটি ডিভাইস খরিদকারী ও মালিক ডিওই। শিক্ষার্থী গ্র্যাজুয়েশনের পর ডিওই সিস্টেম ত্যাগ করলে বা ডিওই বহির্ভূত কোন ডিস্ট্রিক্টে বদলি হলে, তাকে অবশ্যই তাদের ডিওই-এর এটি ফেরত দিতে হবে।

শিক্ষার্থীরা আইইপি অনুযায়ী বাধ্যতামূলক এটি স্কুলে ব্যবহার করতে পারে। উপরে আইইপি-তে যেখানে, যেভাবে নির্দেশিত হয়েছে, তাতে শিক্ষার্থীরা তাদের পাঠক্রমের প্রয়োজনে ব্যবহারের জন্য তাদের এটি ডিভাইস নিয়ে চলাফেরা করতে পারে।

এটি ডিভাইস নিয়ে বাড়ি যাওয়া

শিক্ষার্থী যাকে বিনামূল্যে যথাযথ সরকারি শিক্ষা (এফএপিই) লাভ করতে পারে, সেজন্য প্রয়োজনীয় এটি ডিভাইস বাড়িতে নিয়ে যাওয়া আবশ্যিক কিনা, আইইপি টিম তা নির্ধারণ করবে। এই তথ্য শিক্ষার্থীর ইনডিভিজুয়ালইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি)-তে স্টুডেন্টস নিডস রিলেটিং টু স্পেশাল ফ্যাক্টস- এর অধীনে অন্তর্ভুক্ত থাকতে হবে। আইইপি টিম যদি নির্ধারণ করে যে বাড়িতে আপনার সন্তানের পাঠক্রম নিয়ে কাজ করার জন্য কোন এটি ডিভাইস প্রয়োজন, তাহলে তাকে প্রদত্ত ডিভাইস নিয়ে স্কুল থেকে বাড়ি যাতায়াত করতে অনুমোদন দেওয়া হবে।

এটি ডিভাইস রক্ষণাবেক্ষণ ও মেরামত

স্কুল কর্মকর্তা, পিতামাতা ও অভিভাবক এবং শিক্ষার্থীদের যৌথ দায়িত্ব হলো এটি ডিভাইস-এর যুক্তিসঙ্গত যত্ন নেওয়া। আপনার সন্তান যাতে তার আইইপি-এর সুপারিশ অনুযায়ী কার্যকরভাবে ডিভাইস ব্যবহার করতে পারে, সেজন্য আপনার সন্তানের আইইপি টিম এটি ডিভাইস মেরামত করা ও হারিয়ে কিংবা নষ্ট হয়ে গেলে প্রতিস্থাপন করা, সাথে সাথে রিপ্ৰোগ্রামিং বা অন্যান্য প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের জন্য দায়বদ্ধ থাকবে। আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের এটি ডিভাইস প্রতিস্থাপন বা মেরামতের প্রয়োজন, অনুগ্রহ করে আপনার স্কুলের আইইপি টিম-এর সাথে যোগাযোগ করুন।

সেকশন VI: ব্যবহারোপযোগী শিক্ষাগত সরঞ্জাম (অ্যাক্সেসিবল এডুকেশন্যাল ম্যাটেরিয়ালস, AEM)

এইএম (AEM) -এর সংজ্ঞা

অ্যাক্সেসিবল এডুকেশন্যাল ম্যাটেরিয়ালস (ব্যবহারোপযোগী শিক্ষাগত সরঞ্জাম, এইএম) হলো এমন একটি ফর্ম্যাটে রূপান্তরিত টেক্সটবুক ও প্রাসঙ্গিক শিক্ষানির্দেশনা সরঞ্জাম, যা না করলে প্রচলিত ছাপান সরঞ্জাম ব্যবহারে অপারগ শিক্ষার্থীর কাছে তা ব্যবহারোপযোগী হতো না। এসব ফর্ম্যাটের মধ্যে আছে ব্রেইল, বড় হরফে ছাপা, অডিও (শ্রুতি) এবং ডিজিটাল পাঠ্য। (লক্ষ্য রাখবেন, এসব সরঞ্জামকে অ্যাক্সেসিবল ইন্ট্রাকশন্যাল ম্যাটেরিয়ালস (এআইএম) বলেও উল্লেখ করা হয়।)



আপনার সন্তান যদি দৃষ্টিহীন, ক্ষীণদৃষ্টি বা ছাপানো পাঠ্য ব্যবহার করতে অন্যভাবে অসমর্থ হয়, তাহলে তার এইএম প্রয়োজন কিনা, তার স্কুলকে তা জেনে নিতে হবে। যদি এইএম আপনার সন্তানের জন্য যথাযথভাবে কাজ করে, তাহলে আপনার সন্তানের সহপাঠীরা যখন তাদের টেক্সটবুক ও ওয়ার্কবুক পাবে, একই সময় আপনার সন্তানকেও স্কুল তার ব্যবহারোপযোগী বিকল্প ফর্ম্যাটের পাঠ্য সরঞ্জাম প্রদান করবে।

আপনার সন্তান এইএম-এর জন্য যোগ্য হয়, তাহলে তার জন্য প্রয়োজন হবে হুবহু একই পাঠ্য বিষয় যা পাঠক্রম জুড়ে ব্যবহৃত হয়, কিন্তু সেটাকে তার ব্যবহারোপযোগী হওয়ার জন্য বিশেষ ফর্ম্যাটের হতে হবে।

ডিওই-এর মাধ্যমে এইএম

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের এইএম আবশ্যিক, তাহলে আপনার সন্তানের এইএম-এর আবশ্যিকতা ও আপনার সন্তানের জন্য নির্দিষ্ট সুবিধাজনক ফর্ম্যাট নির্ধারণের জন্য (যেমন ব্রেইল, বড় হরফে ছাপা, অডিও বা ডিজিটাল টেক্সট) আপনাকে স্কুলে যোগাযোগ করতে হবে। প্রয়োজ্য ক্ষেত্রে আপনার সন্তানের স্কুলও এ প্রক্রিয়ার সূচনা করতে পারে। এইএম আবশ্যিক কিনা তা নির্ধারিত হবে আপনার সন্তানের আইইপি বা ৫০৪ পরিকল্পনা প্রণয়নের সময়। যদি আপনার সন্তানের এইএম (যেমন টেক্সট-টু-স্পিচ ডিভাইস) ব্যবহারোপযোগী করতে এটি আবশ্যিক হয়, তাহলে সে চাহিদাটাও বিবেচিত হবে।

যদি নিরূপিত হয় যে আপনার সন্তানের এইএম আবশ্যিক, তাহলে সেগুলো ডিওই-এর ব্যয়ে স্কুলে সেগুলোর ব্যবস্থা করা হবে। পরিবারসমূহ বুকশেয়ার (Bookshare) এ খোঁজখবর নিতে পারে, নির্দিষ্ট ছেলেমেয়েদের বাড়িতে ব্যবহারের জন্য যেখানে ফ্রি অ্যাকাউন্ট করা যায়। আপনার সন্তান যোগ্য কিনা এবং অন্যান্য তথ্যের জন্য অনুগ্রহ করে Bookshare.org পরিদর্শন করুন।

এইএম-এর সময়রেখা

সকল শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনা উপকরণ যখন দেওয়া হয়, একই সময় এইএম আবশ্যিক শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনা উপকরণও একই সময়ে দেওয়ার কথা। ব্যবহারোপযোগী শিক্ষা উপকরণের সাথে খাপ খাওয়াত সময় লাগতে পারে, তাই আপনার সন্তানের স্কুলকে অগ্রীম শিক্ষানির্দেশনা পরিকল্পনা করবে যাতে নিশ্চিত করা যায় তার ক্লাসের অন্যান্যদের সাথে একই সময়ে এইএম তার হস্তগত হয়।

সেকশন VII: ট্রানজিশন প্ল্যানিং

কোন শিক্ষার্থীর যদি এটি আবশ্যিক হয় এবং গ্রাজুয়েশনের সময় তার আইইপি-তে এটি-এর আবশ্যিকতার উল্লেখ থাকে, তাহলে ট্রানজিশন প্ল্যানিং (উত্তরণ পরিকল্পনা) টিম ও পরিবারকে শিক্ষার্থীর গ্রাজুয়েশনের বছরের বসন্তের শুরুতে সহায়তা নিয়ে আলোচনার জন্য মিলিত হতে হবে। শিক্ষার্থীর এটি আবশ্যিকতার বিস্তারিত বিবরণ শিক্ষার্থীর ট্রানজিশন প্যাকেটে স্পষ্টভাবে অন্তর্ভুক্ত থাকতে হবে যাতে আপনার সন্তানের গ্রাজুয়েশনের পর যে কোন এজেন্সি বা স্কুল সে তথ্য পেতে পারে।

যেসব শিক্ষার্থী মেডিকেইড বা মেডিকেইড ওয়েভার (অব্যাহতি) লাভ করে, তারা এটি পরিষেবা লাভের জন্য মেডিকেইডের জন্য আবেদন করতে পারবে। তদুপরি ডিভাইস বিক্রয়কারী বহু এটি প্রদানকারী আছে যারা সহায়তা প্রদান করবে।

শিক্ষার্থীকে প্রদত্ত এটি যন্ত্রপাতি ডিওই-এর সম্পদ এবং গ্রাজুয়েশন বা অন্য স্কুল ডিস্ট্রিক্টে বদলির পর তা ডিওই-এর কাছে ফেরত দিতে হবে।

সেকশন VIII: বহল জিজ্ঞাসির প্রশ্ন ও উত্তর

আইইপি এটি ও ৫০৪ এটি-এর মধ্যে ব্যবধান কী?

প্রতিবন্ধিতায়ুক্ত সকল শিক্ষার্থী আইডিয়া (IDEA) অনুযায়ী আইইপি লাভের যোগ্য নয়। জীবনযাপনের কোন একটি গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডে অংশগ্রহণ বাধাগ্রস্ত করে এমন শারীরিক অথবা মানসিক প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থী ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের সেকশন ৫০৪ এর আওতায় বিশেষ ব্যবস্থা লাভের জন্য যোগ্য। শিক্ষার্থী যাতে তার অপ্রতিবন্ধি সহপাঠীদের ন্যায় সমানভাবে স্কুলের কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারে, সেজন্য কোন বিশেষ ব্যবস্থা শিক্ষার্থীদের প্রতিবন্ধিতার ভিত্তিতে উপযুক্ত হবে, সেটা নিশ্চিত করার জন্য ৫০৪ টিম মিলিত হবে। শিক্ষার্থীদের ব্যক্তিক চাহিদা অনুযায়ী ৫০৪ বিশেষ ব্যবস্থায় এটি ডিভাইস অন্তর্ভুক্ত করা হতে পারে। ৫০৪ বিশেষ ব্যবস্থা সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে <http://tiny.cc/504FAQs> ওয়েবসাইটে ৫০৪ অ্যাকোমোডেশন গাইডেন্স ফর ফ্যামেলিজ দেখুন।

অ্যাসিসটিভ টেকনোলোজি (এটি) এবং ইন্সট্রাকশন্যাল টেকনোলোজি (আইটি)-এর মধ্যে পার্থক্য কী?

বর্তমানে আমাদের কাছে অসংখ্য টেকনোলোজি (প্রযুক্তি) ব্যবহারের সুযোগ রয়েছে। আমরা স্মার্টফোন বা ট্যাবলেট সাথে রাখি এবং কমপিউটার ব্যবহার করি। আমরা যখন এসব প্রযুক্তিকে লেখাপড়া ও শিক্ষার কাজে ব্যবহার করি, তখন এগুলো ইন্সট্রাকশন্যাল (শিক্ষানির্দেশনা) টেকনোলোজি (আইটি) হতে পারে। কোন প্রতিবন্ধিতায়ুক্ত ব্যক্তি অন্য কোনভাবে তাদের পাঠক্রমে অংশগ্রহণ করতে অপারগ হলে এসব টেকনোলোজিকে যদি তাদের কর্মক্ষমতা বৃদ্ধির কাজে ব্যবহার করা হয়, তখন এগুলোকে "অ্যাসিসটিভ টেকনোলোজি" হিসেবে বিবেচনা করা যায়। সকল এটি শিক্ষার্থীর আইইপি ও ৫০৪ প্লানে তালিকাভুক্ত আছে। এর বিপরীতে আইটি হচ্ছে অন্য উপায়ে পাঠক্রমে অংশগ্রহণে সক্ষম, এমন শিক্ষার্থীদের জন্য পাঠক্রমে অংশগ্রহণের সুযোগ লাভের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি।

সেকশন IX: জরুরি যোগাযোগের তথ্য

প্রয়োজনীয় অ্যাসিসটিভ টেকনোলজি সম্পর্কে আলোচনা করার জন্য আমরা আপনাকে সন্তানের স্কুলে যোগাযোগ করার পরামর্শ দিচ্ছি। এছাড়াও আপনারা নিম্নলিখিত স্থানগুলোতে যোগাযোগ করতে পারেন:

- পাবলিক স্কুলের শিক্ষার্থীদের ক্ষেত্রে (চার্টার স্কুল ছাড়া): আপনার চিঠির কপি সহ [আপনার সন্তানের স্কুল যে ডিস্ট্রিক্টে অবস্থিত, সেখানকার সুপারিনটেনডেন্ট](#)-এর কাছে অনুসন্ধান করবেন।
- অন্যসব শিক্ষার্থী: চিঠির একটি কপি সহ [আপনার সন্তানের স্কুল যে ডিস্ট্রিক্টে অবস্থিত, সেখানকার সিএসই](#)-এর কাছে অনুসন্ধান করবেন।

সেকশন X: এটি সম্পর্কিত ফেডারেল আইন

ইনডিভিডুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিস এডুকেশন অ্যাক্ট: <http://idea.ed.gov/>

আমেরিকানস উইথ ডিসঅ্যাবিলিটিস অ্যাক্ট: <http://www.ada.gov/>

রিহ্যাবিলিটেশন অ্যাক্ট-এর সেকশন ৫০৪: <http://www.ed.gov/about/offices/list/ocr/504faq.html>

